তারিখ 28 OCT 1995
পৃষ্ঠা ৫ কলাম ৩

দৈনিক বাংলা

## প্রকাশিত নম্বরের পুনঃ নিরীক্ষণ ও মেধার যথার্থ মূল্যায়ন চাই

আমি ক্যাডেট কলেজ, পাবনা-এর উচ্চ মাধ্যমিক শ্রেণীর ১ম বর্ষের একজন ছাত্র। আমি ১৯৯৫ সালে রাজশাহী শিক্ষা বোর্ডের তত্ত্বাবধানে বিজ্ঞান বিভাগে এসএসসি পরীক্ষা দেই। এখানে উল্লেখ্য যে আমি ৯ম শ্রেণী থেকে শুরু করে এসএসসি পরীক্ষার আগ পর্যন্ত, কেবল একটা পরীক্ষায় ক্লাসে ২য় স্থান ছাড়া বাকী যতগুলো পরীক্ষা হয়, সবগুলোতে ১ম স্থান লাভ করি। এবং নির্বাচনী পরীক্ষাতেও ১ম হই ৮৯১ নম্বর পেয়ে এবং কলেজে নতুন রেকর্ড সৃষ্টি করে। যার ফলে আমার কলেজের সকল শিক্ষক, কর্মকর্তা কর্মচারী, আব্বা-আম্মা, প্রতিবেশী, আত্মীয়স্বজন সবাই আমার কাছে অনেক বড় কিছু আশা করেছিল, কিন্তু দুঃখের বিষয়, ফল প্রকাশের পর দেখা গেল, আমি ৬ বিষয়ে লেটার মার্কস নিয়ে শুধুমাত্র স্টার পেয়েছি। অথচ যারা আমার পেছনে ছিল, তাদের মধ্যে ১১ জন সম্মিলিত মেধা তালিকায় স্থান লাভ করে। আমার এমন এক বিষয়ে লেটার মার্কস হাতছাড়া হয় যে বিষয়ে আমি ছাড়া ক্লাসের সকলে লেটার পায়। তা হল 'ইসলাম ধর্ম শিক্ষা'। তখনই আমার সন্দেহ হয়, আমার ফলাফলে কোন ভুল থাকতে পারে। তারপর কলেজে নম্বরপত্র আসার পর দেখি। আমি ইসলামিয়াতে রচনামূলক অংশে ৫০ নম্বরের মাঝে মাত্র ১২ পেয়েছি। এটা আমার কাছে অসম্ভব, অবিশ্বাস্য এবং আমি কখনই তা মেনে নিতে পারি না। আমরা ৫১ জন পরিক্ষার্থীর মাঝে আমি ছাড়া বাকী সবাই এ বিষয়ে ৩৯, ৪০, ৪১, ৪২, ৪৩ এই পাঁচটি সংখ্যার নম্বর পেয়েছে। শুধু আমিই ১২ নম্বর পেয়েছি। আমার শিক্ষকরা ধারণা করছেন, এটা আসলে ৪২ হবে। কম্পিউটার শীটে নাম্বার বসাতে গোল চিহ্ন পূরণ করার সময় ৪-এর জায়গায় ১ পূরণ করা হয়েছে। যার ফলে এই এক বিষয়েই আমি ৩০ নম্বরের মত পিছিয়ে পড়েছি। তাছাড়া অন্যান্য বিষয়ে আমার নম্বর খুবই সন্তোষজনক। বর্তমানে আমার মোট নম্বর ৮৫৭। আমি অবশ্য এই খাতা পুনঃ নিরীক্ষণের জন্য নিয়মতান্ত্রিকভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে আবেদন জানিয়েছি। যদি আমার কথা ঠিক হয় তবে আমি সম্মিলিত মেধা তালিকায় (বিজ্ঞান) ১ম পাঁচ জনের ভেতর চলে আসব।

ইতিমধ্যে ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকা সংশোধন করে সকল বোর্ডের মেধাবী ছাত্রছাত্রীকে পুরস্কৃত করা হয়েছে। কিন্তু আমার বা রাজশাহী শিক্ষা বোর্ডে অন্য যারা খাতা পুনঃ নিরীক্ষণের আবেদন জানিয়েছে, তাদের বেলায় বোর্ড এখন পর্যন্ত নিশ্চুপ। পুরস্কার দেয়া দূরের কথা, আদৌ আমাদের নম্বরে কোন পরিবর্তন হবে কিনা তাও অনিশ্চিত। তবে কি আমরা আমাদের মেধার যথার্থ মূল্যায়ন পাব না? এ ব্যাপারে আমি দেশের শিক্ষা কর্তৃপক্ষ ও জাতীয় সংবাদপত্রসমূহের দৃষ্টি কামনা করছি।

**এ এস এম মুস্তাফিজুল হক**
ক্যাডেট নম্বর ৭২০
সিরাজী হাউস
(রেজিঃ নম্বর ১২৪৩২৪), এসএসসি)
পাবনা ক্যাডেট কলেজ, পাবনা